

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৫৫৬.২০১৫- ২৪৭৮

তারিখ : ৩/১/১৫


বিষয় : রীট পিটিশন নং-১১৬০৫/২০১৫, বাদী জনাব দারুদ আলী, সদস্য, ০৪ নং আমদহ ইউনিয়ন পরিষদ, পিতা-  
মৃত জলিল শেখ, পোষ্ট+থানা+জেলা-মেহেরপুর এবং অন্যান্য-বনাম-সরকার ও অন্যান্য মামলায়  
প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

মেহেরপুর জেলার মেহেরপুর পৌরসভার তফশীলভুক্ত এলাকাসমূহ এবং এতদ্ব অঞ্চলের নাগরিকগণ ভোটার তালিকার অন্তর্ভুক্ত হওয়ায় তফশীলভুক্ত এলাকা হতে অত্র পৌরসভার খাজনা, ট্যাক্স ইত্যাদি আদায় অভ্যাহত থাকার নোটিশকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১১৬০৫/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দৃঢ়াওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।

  
(পাপিয়া ঘোষ)  
সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৫০৫।

১। জেলা প্রশাসক  
মেহেরপুর।

২। মেয়র  
মেহেরপুর পৌরসভা  
মেহেরপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন কার্যালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। জেলা নির্বাচন অফিসার, মেহেরপুর।
- ৪। উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।